

## West Bengal State University

B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2012

## PART-II

## বাংলা - সাধারণ

## তৃতীয় পত্র

Duration : 3 Hours

Full Marks : 100

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

1. “এইরূপে পূর্ব ও পশ্চিমের সম্যক মিলনের বাধা ঘটিতেছে বলিয়াই আজ যত-কিছু উৎপাত জাগিয়া উঠিতেছে। কাছে থাকিব অথচ মিলিব না, এ অবস্থা মানুষের পক্ষে অসহ্য এবং অনিষ্টকর।”—কোন্ প্রবন্ধের অংশ ? কীরূপে পূর্ব ও পশ্চিমের সম্যক মিলনের বাধা ঘটিতে বলে প্রবন্ধকার মনে করেছেন ? এই সম্মিলনের সার্থকতা কোথায় বলে লেখক নির্দেশ করেছেন ?

1 + 7 + 7

## অথবা

“কবির কেকারব সেই বর্ষার গান — কান তাহার মাধুর্য জানে না, মনই জানে” — ‘কেকাধ্বনি’ প্রবন্ধ অবলম্বনে লেখকের বক্তব্য বুঝিয়ে দিন।

15

2. যে কোন একটি প্রশ্নের সংক্ষিপ্ত ও যথাযথ উত্তর দিন :

1 × 5 = 5

ক) “গিলে খাওয়াকেই সে এক-করা বলে প্রচার করে।” — কোন্ প্রবন্ধের অংশ ? ‘সে’ বলতে কার বা কোন্ বিষয়ের কথা বলা হয়েছে ? উদ্বৃত্ত অংশের তাৎপর্যটি বুঝিয়ে দিন।

1 + 1 + 3

খ) “সময় যেন তখনকার পর হইতে দ্রুমে ইতর হইয়া আসিয়াছে” — তখনকার বলতে লেখক কোন্ সময়ের কথা বুঝিয়েছেন ? সেই সময়কার বর্ণনা দিন।

1 + 4

গ) “আবর্জিতা কিঞ্চিদিব স্তনাভ্যাঃ

বাসো বসানা তর়ণার্করাগম্ ।

পর্যাপ্তপুষ্পস্তবকাবনন্দা

সংগ্রাহণী পঞ্জবিনী লতেব।”

কোন্ প্রবন্ধে উদ্বৃত্ত শ্লোকটি ব্যবহৃত হয়েছে ? উদ্বৃত্ত শ্লোক কার লেখা কোন্ কাব্যের অন্তর্গত ? কোন্ প্রসঙ্গে প্রবন্ধের মধ্যে প্রবন্ধকার শ্লোকটি ব্যবহার করেছেন ?

1 + 1 + 1 + 2

5.

6.

7.

8.

3. ক) 'কপালকুণ্ডলা' কোন্ শ্রেণীর উপন্যাস তা যুক্তি দিয়ে বুঝিয়ে দিন।

15

## অথবা

- খ) কপালকুণ্ডলা ও মতিবিবির চরিত্রগত বৈপরীত্য 'কপালকুণ্ডলা' উপন্যাসে যে বৈচিত্র্য সংগ্রহ করেছে, তা নিজস্ব ভাষায় বুঝিয়ে দিন।

15

4. যে কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত ও যথাযথ উত্তর দিন :

- ক) "বাঙালীরা আপন গৃহিণীকে সর্বাপেক্ষা সুন্দরী দেখে।"

— কার প্রতি কে এই উক্তিটি করেছে ? কোন্ প্রসঙ্গে বক্তৃর এই উক্তি ? বক্তৃর মানসিক চরিত্রের কোন্ দিকটি তাঁর এই উক্তিতে ধরা পড়েছে ?

 $1 + 1 + 2 + 1$ 

- খ) "আমি বনচর ছিলাম, বনচর হইব" — কে কাকে কখন কথাটি বলেছে ? কথাটির তৎপর্য ব্যাখ্যা করুন।

3 + 2

- গ) "আঃ, তোর নবকুমার কি আছে ? তাকে শিয়ালে খাইয়াছে।" — বক্তা কে ? নবকুমার তখন কি কারণে কোথায় গিয়েছিলেন ? উক্তিটির তৎপর্য বুঝিয়ে দিন।

 $1 + 2 + 2$ 

5. ক) 'পল্লীসমাজ' উপন্যাসে বেণী ঘোষাল চরিত্র নির্মাণে উপন্যাসিকের কৃতিত্ব বিচার করুন।

15

## অথবা

- খ) 'পল্লীসমাজ' যেন চরিত্রে বহুবৈচিত্র্যের সমাহার। একদিকে মানসিক দৈন্য ও সংকীর্ণতা, হীনতা ও পরশ্রীকাতরতা ; অন্যদিকে মানবিক ঔদার্য, প্রসার, আত্মাত্যাগ ও মেহ-প্রেমের ফল্লুধারা — এই উভয়ধর্মী মানবচরিত্রের সমন্বয় কীভাবে এই উপন্যাসের স্থায়ী সম্পদ হয়েছে বুঝিয়ে দিন।

15

6. যে কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত ও যথাযথ উত্তর দিন :

 $1 \times 5 = 5$ 

- ক) "হ্যাঁ — মায়ের দুধ খেয়েছিল বটে ছোটবাবু। লাঠি ধরলে বটে।"

 $1 + 1 + 3$ 

— কার উক্তি ? ছোটবাবু কে ? কোন ঘটনার কারণে তাকে লাঠি ধরতে হয়েছিল ?

- খ) "মেয়েমানুষ হয়ে মেয়েমানুষের নামে এ অপবাদ দিস্নেরে ধর্ম সইবে না।" — কথাটি কে বলেছে ? এখানে কোন্ দুজন মেয়ের উল্লেখ করা হয়েছে ? একজন আর একজনের নামে কি অপবাদ দিয়েছিল ?

 $1 + 2 + 2$ 

- গ) "বজ্জাতি বুদ্ধিতে সে তার বাপেরও ওপরে যায়।" — কে কার প্রতি কার প্রসঙ্গে এই উক্তি করেছে ? এই উক্তির মধ্যে বক্তৃর কোন্ মনোভাব প্রকাশিত হয়েছে ?

 $1 + 1 + 1 + 2$ 

7. 'রাজা ও রানী' নাটকে কুমার-ইলার উপকাহিনীর প্রয়োজনীয়তা বিচার করুন।

15

## অথবা

- 'রাজা ও রানী' নাটকের সমাপ্তি কতখানি শিল্পসম্মত হয়েছে, সমগ্র নাটকটির পরিপ্রেক্ষিতে তা নিরূপণ করুন।

15

8. যে কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত ও যথাযথ উত্তর দিন :

 $1 \times 5 = 5$ 

- ক) "পলাতক অরাতিরে আক্রমণ করা নহে ক্ষাত্রধর্ম।"

— কার প্রতি কার উক্তি ? 'অরাতি' শব্দের অর্থ কী ? উক্তিটির প্রসঙ্গসূত্রটি নির্দেশ করুন।

 $1 + 1 + 1 + 2$

খ) “আমি নিশ্চিন তোমায় ভালোবাসি,  
তুমি অবসরমতো বাসিয়ো।”—  
কার গান ? প্রসঙ্গ উল্লেখ করে গানটির বিষয় নির্দেশ করুন।

1 + 2 + 2

গ) “তোমারে করিনু সমর্পণ যাহা আছে  
মোর। তুমি বীর, তুমি রাজ-অধিরাজ।”  
— উদ্ভৃত সংলাপ অনুসারে কে, কাকে, কী সমর্পণ করেছেন ? উক্তিটির প্রসঙ্গ নির্দেশ করুন।

1 + 1 + 1 + 2

9. ‘না’ গল্পটির রচয়িতা কে ? একটি সার্থক ছোটগল্পরূপে গল্পটির শিল্পরূপ বিশ্লেষণ করে এর নামকরণের সার্থকতা বিচার করুন। 1 + 7 + 7

D

## অথবা

‘ডঢ়াই উঢ়াই’ গল্পটির রচয়িতা কে ? গল্পটির নায়ক চরিত্রের মনোলোকে প্রচন্ন দ্বিধা-দ্বন্দ্ব ও কুষ্ঠ আসলে মধ্যবিত্ত বাঞ্চালি চরিত্রের এক অসামান্য প্রতিফলন কীভাবে হয়ে উঠেছে তা বিশ্লেষণ করুন।

15

10. যে কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত ও যথাযথ উত্তর দিন : 1 × 5 = 5

ক) “একসেলেন্ট আইডিয়া ! বহুত আচ্ছা ব্রাদার আমার রে”  
— কে, কাকে এই কথাটি বলেছিল ? বক্তার ‘আইডিয়া’ টি কী ছিল ? সেই ‘আইডিয়া’-র পরিণতিটি কী হয় ?

1 + 1 + 1 + 2

খ) “গাঁয়ে কী গুজব রটেছে জানো ?”  
— কে, কাকে, কোন্ গুজবের কথা বলেছেন ? সেই গুজব রটার কারণ কী ছিল ?

1 + 1 + 1 + 2

2.

গ) “আপনি যে খুব লাজুক ভদ্রলোক তা দুনিয়ায় আর জানতে বাকি নেই কারো।”  
— কে, কার উদ্দেশ্যে এই মন্তব্য করেছেন ? কোন্ প্রসঙ্গে বক্তা এই মন্তব্য করেন ? বক্তার ওই কথাটির কোন্ তাৎপর্য শ্রোতার মনে ধরা পড়েছিল ?

1 + 1 + 1 + 2

2.

3.